




ভূমিকম্পে কেঁপে উঠল ইরানের রাজধানী তেহরান



সংগৃহীত ছবি

মধ্যরাতে ভূমিকম্পে কেঁপে উঠল তেহরান

ইরানের রাজধানী তেহরান ও আশপাশের এলাকায় মধ্যরাতে ভূমিকম্প অনুভূত হয়েছে। দেশটির পূর্বাঞ্চলে আঘাত হানা এ ভূমিকম্পের মাত্রা ছিল রিখটার স্কেলে ৪ দশমিক ৫।

মঙ্গলবার (১২ মে) স্থানীয় সময় রাত ১১টা ৪৭ মিনিটে ভূমিকম্পটি আঘাত হানে। ইউরো-মেডিটেরেনিয়ান সিসমোলজিক্যাল সেন্টার (ইএমএসসি) জানিয়েছে, তেহরান থেকে প্রায় ৩৫ কিলোমিটার পূর্বে এর কেন্দ্রস্থল ছিল এবং ভূমিকম্পটির গভীরতা ছিল প্রায় ৩৫ কিলোমিটার।

তবে তেহরান বিশ্ববিদ্যালয়ের ভূকম্পন পর্যবেক্ষণ কেন্দ্র জানিয়েছে, পূর্ব তেহরানের পারদিস এলাকায় ভূপৃষ্ঠের ১০ কিলোমিটার গভীরে কম্পনের উৎপত্তি হয়। তাদের হিসাবে ভূমিকম্পটির মাত্রা ছিল ৪ দশমিক ৬।

ইরানের রাষ্ট্রীয় সংবাদ সংস্থা ইরনার এক প্রতিবেদক কম্পনটিকে বেশ শক্তিশালী বলে উল্লেখ করেছেন।

এতে রাজধানীর বিভিন্ন এলাকায় আতঙ্ক ছড়িয়ে পড়ে। তাৎক্ষণিকভাবে কোনো হতাহত বা বড় ধরনের ক্ষয়ক্ষতির তথ্য পাওয়া যায়নি।